

মুগ্ধিত্ব

কুমিল্লা বোর্ড

পাশ ৯০.৭২ শতাংশ ছেলেদের চেয়ে এগিয়ে মেয়েরা

কুমিল্লা বুরো

১ ০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

কুমিল্লা শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। এতে পাশের হার ৯০ দশমিক ৭২ শতাংশ। পাশ এবং জিপিএ-৫ এর হারে ছেলেদের চেয়ে এগিয়ে রয়েছে মেয়েরা। বুধবার দুপুরে কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. আসাদুজ্জামান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ ফলাফল প্রকাশ করা হয়।

ফলাফল বিবরণীতে উল্লেখ করা হয়, চলতি বছর কুমিল্লা শিক্ষা বোর্ড থেকে ৮৫ হাজার ৮৮০ জন পরীক্ষা দেয়। তাদের মধ্যে মেয়ে পরীক্ষার্থী ৪৮ হাজার ৪৬৩ এবং ছেলে পরীক্ষার্থী ৩৭ হাজার ৪১৭। পাশ করে মোট ৭৭ হাজার ৯০৭ জন। মেয়ে পরীক্ষার্থী পাশ করে ৪৪ হাজার ২৯১, ছেলে পরীক্ষার্থী পাশ করে ৩৩ হাজার ৬১৬। মেয়েদের পাশের হার ৯১.৩৯ শতাংশ, ছেলেদের পাশ ৮৯.৮৪ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১৪ হাজার ৯৯১ জন। মেয়ে পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৩০৭, ছেলেরা জিপিএ-৫ পেয়েছে ৫ হাজার ৬৮৪ জন।

কুমিল্লা বোর্ডের ৫ কলেজ থেকে একজনও পাশ করেনি : চলতি বছর এইচএসসি পরীক্ষার ফলাফলে কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন ৩৭টি প্রতিষ্ঠান শতভাগ সফলতা পেলেও বোর্ডের আওতাধীন ৫টি প্রতিষ্ঠান থেকে একজন পরীক্ষার্থীও পাশ করেনি। বুধবার দুপুরে কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মু. আসাদুজ্জামান জানান, চলতি বছর এইচএসসি ও সমমানের ফলাফলে কুমিল্লা শিক্ষা বোর্ড থেকে ৪১৯টি প্রতিষ্ঠান থেকে ৮৫ হাজার ৮৮০ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে ৫টি প্রতিষ্ঠান থেকে একজন পরীক্ষার্থীও পাশ করেনি। ফেনী সদরের নোবেল কলেজ থেকে একজন পরীক্ষার্থী, গ্রিনল্যান্ড কলেজ থেকে একজন, ব্রান্ডণবাড়িয়ার নবীনগর উপজেলার কৃষ্ণনগর আবুল জবাব স্কুল অ্যান্ড

কলেজ থেকে ৭ জন, একই উপজেলার জিনোদপুর ইউনিয়ন স্কুল অ্যান্ড কলেজ থেকে ৮ জন এবং চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলার ড. মু. শামসুল হক মডেল কলেজ থেকে ৯ জন পরীক্ষার্থী অংশ নেয়। তাদের সবাই অকৃতকার্য হয়েছে।

বোর্ডসেরা সোনার বাংলা কলেজ : কুমিল্লা জেলার ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ সোনার বাংলা

৪২১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে সবাই পাস করেছে। এদের মধ্যে ৩৯৬ জন শিক্ষার্থী জিপিএ ফাইভ পেয়েছে। বিজ্ঞান বিভাগ থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী ১৪৮ শিক্ষার্থীর সবাই জিপিএ ফাইভ পেয়ে উত্তীর্ণ হয়েছে। মানবিক বিভাগ থেকে ১৩১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে সবাই পাশ করেছে এবং ১১৯ জন জিপিএ ফাইভ পেয়েছে। ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ১৪২ জন শিক্ষার্থীর সবাই পাশ করেছে এবং ১২৯ জন জিপিএ ফাইভ পেয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023